

## নেং সাপ্তিবাড়ী ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ সাপ্তিবাড়ী/ভেলাবাড়ী, উপজেলাঃ আদিতমারী, জেলাঃ লালমনিরহাট।

Web: saptibari.lalmonirhat.gov.bd

## সভার মন্তব্যের অনুলিপি

সভাপতি	ঃ আলহাজ্ব আব্দুস সোহরাব, চেয়ারম্যান, নেং সাপ্তিবাড়ী ইউপি।
সভার স্থান	ঃ অত্র ইউপি কমপ্লেক্স ভবন মাঠ।
তারিখ ও সময়	ঃ ১৫/০২/২০২৩ ইং সময় সকাল: ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি	ঃ (“পরিশিষ্ট-ক) তে সভায় উপস্থিত সভ্যগণের উপস্থিতি

ক্র: নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	আলহাজ্ব মোঃ আব্দুস সোহরাব	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জোসনা রানী রায়	ইউপি সদস্য(সংরক্ষিত ১,২ ও ৩)	সদস্য	”
০৩	মোছাঃ নুরুন্নাহার বেগম	ইউপি সদস্য(সংরক্ষিত ৪,৫ ও ৬)	সদস্য	”
০৪	মোছাঃ শাহিনা বেগম	ইউপি সদস্য(সংরক্ষিত ৭,৮ ও ৯)	সদস্য	”
০৫	মোঃ মঞ্জুরুল আলম	ইউপি সদস্য	সদস্য	”
০৬	মোঃ নুরুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য	”
০৭	মোঃ আব্দুর রশিদ	ইউপি সদস্য	সদস্য	”
০৮	মোঃ সৈয়দ আলী	ইউপি সদস্য	সদস্য	”
০৯	মোঃ মিজানুর রহমান	ইউপি সদস্য	সদস্য	”
১০	মোঃ হাফিজুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য	”
১১	মোঃ সামছুল আলম বকুল	ইউপি সদস্য	সদস্য	”
১২	মোঃ আব্দুল খালেক সিদ্দিক	ইউপি সদস্য	সদস্য	”
১৩	মোঃ নুর আলম মিয়া	ইউপি সদস্য	সদস্য	”
১৪	জনাব আশীষ কুমার রায়	ইউপি সচিব	সদস্য সচিব	”

## আলোচ্য বিষয়:-

- (০১) গত সভার কার্যাবলী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন।
- (০২) ২০২২-২০২৩ইং অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) সাধারণ কর্মসূচীর (২য় পর্যায়) আওতায় নেং সাপ্তিবাড়ী ইউনিয়নের বাস্তবায়নযোগ্য সংশোধিত প্রকল্প ও কমিটির তালিকা প্রেরণ প্রসঙ্গে।
- (০৩) বিবিধ

অদ্যকার সভায় জনাব আলহাজ্ব আব্দুস সোহরাব, চেয়ারম্যান, নেং সাপ্তিবাড়ী ইউপি মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ আরাষ্ট্র করা হয়।

ক্রমিক- ১। উক্ত ক্রমিকে গত সভার মন্তব্য সমূহ পাঠ করে শুনানো হয়। এতে কারও কোন আপত্তি না থাকায় উপস্থিত গণের সম্মতিতে গৃহীত হয়।

ক্রমিক- ২। উক্ত ক্রমিকে সভাপতি মহোদয় বলেন যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর (কাবিটা) (২য় পর্যায়) এর বাস্তবায়নযোগ্য প্রকল্প ও প্রকল্প কমিটি গ্রহণের নিমিত্তে উপজেলা চেয়ারম্যান, আদিতমারী, লালমনিরহাট মহোদয়ের নিকট হতে নির্দেশ পাওয়া গিয়াছে; যাহার স্মারক নং-৫১.০১.৫২০২.০০০.১১.১২৫.২৩.৭০, তারিখ: ২৬/০১/২০২৩। উক্ত পত্রের নির্দেশ মোতাবেক অত্র ইউনিয়নের জন্য মোট বরাদ্দ পাওয়া গিয়াছে- ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা মাত্র। উক্ত বরাদ্দ দ্বারা ইতিপূর্বে ১। খাতাপাড়া কেন্দ্রীয় ঈদগাহ মাঠে মাটি ভরাট করন; ২। খাতাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মাটি ভরাট করন প্রকল্প প্রস্তাব প্রেরন করা হয়। উক্ত প্রকল্প ২টির মধ্যে ২নং প্রকল্পটির প্রাক্কলন অনুযায়ী পর্যাপ্ত মাটি না থাকায় প্রকল্পটি সংশোধন করা জরুরী। তাই সভা ২০২২-২০২৩ অর্থ বছরের কাবিটা (অর্থ) ২য় পর্যায় এর ১নং প্রকল্পটি ঠিক রেখে ২নং প্রকল্পটির পরিবর্তে খাতাপাড়া নেং ওয়ার্ডেও মতিয়ারের বাড়ী হইতে মনছুরের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃমেরামত করনটি প্রকল্পটি বাস্তবায়ন ও কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত বিষয়ে বিশদ আলোচনান্তে সভায় বরাদ্দ মোতাবেক সংশোধনী প্রকল্প ও কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ আলোচনায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
সভাপতি